



নারীদের ঘরে রাখতে চায় জামায়াত: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামী নারীদের কর্মক্ষেত্রে দেখতে চায় না বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, বাংলাদেশকে এগিয়ে নিতে নারী-পুরুষ সবার সমান অংশগ্রহণ জরুরি, কিন্তু একটি রাজনৈতিক শক্তি নারীদের ঘরে আটকে রাখতে চায়।

সোমবার (২ ফেব্রুয়ারি) ঠাকুরগাঁও-১ আসনের টোলারহাট বাজারে নির্বাচনী সভায় বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন। ফখরুলের ভাষ্য, দেশের ভেতরে অকারণে ধর্মভিত্তিক বিভাজন তৈরির চেষ্টা চলছে, অথচ এই রাষ্ট্র গড়ে উঠেছে হিন্দু-মুসলমান একসঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে যুদ্ধ করার মধ্য দিয়ে। তিনি নিজেকে মুক্তিযুদ্ধের সঙ্গে সম্পৃক্ত একজন মানুষ হিসেবে উল্লেখ করে বলেন, সেই সময় বিভিন্ন রাজনৈতিক মতের মানুষ একত্রিত হয়েই লড়াই করেছিলেন।

তিনি আরও অভিযোগ করেন, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় জামায়াতে ইসলামী পাকিস্তানি বাহিনীর সঙ্গে অবস্থান নিয়েছিল—যা প্রবীণদের কাছে সুপরিচিত ইতিহাস। তার দাবি, দলটি দেশের অগ্রযাত্রার পথে বাধা হয়ে দাঁড়ায় এবং সমাজকে পিছিয়ে নিতে চায়।

মির্জা ফখরুল বলেন, বাংলাদেশকে কোনোভাবেই পশ্চাত্পদ ধারার রাষ্ট্রে পরিণত হতে দেওয়া যাবে না। সবার সমান অধিকার নিশ্চিত করেই দেশকে সামনে এগিয়ে নিতে হবে।